দৈনিক আমাদের সময়

তারিখ 23 AUG 2017
পৃষ্ঠা ৭ কলাম ৮

পাবিপ্রবির ভর্তি পরীক্ষা

# ৬ সেপ্টেম্বর থেকে ফরম বিতরণ

**পাবনা প্রতিনিধি ●**

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফরম বিতরণ আগামী ৬ সেপ্টেম্বর থেকে শুরু হবে। অনলাইনে ভর্তির আবেদন ৩০ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। ২৭ অক্টোবর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জনসংযোগ দপ্তরে সহকারী পরিচালক ফারুক হোসেন চৌধুরী এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এই তথ্য জানান। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ৫টি অনুষদের অধীনে ২১টি বিভাগে মোট ৯১০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের অধীনে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ। বিজ্ঞান এবং জীব ও ভূবিজ্ঞান অনুষদের অধীনে গণিত, পদার্থ, ফার্মেসি, রসায়ন, পরিসংখ্যান, ভূগোল ও পরিবেশ বিভাগ। বিজনেস স্টাডিজ এবং মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, অর্থনীতি, বাংলা, সমাজকর্ম, ইংরেজি, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ ও লোকপ্রশাসন বিভাগ অন্তর্ভুক্ত।